



ইস্টার্ন কেবলস লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

গবেষণা Concept Paper


গবেষণার বিষয়বস্তু: বিদ্যমান মেশিনারীর সাহায্যে কেবলস উৎপাদনে ব্যবহৃত PVC Compound এর সাথে প্রয়োজনীয় দ্রব্য/রাসায়নিকের যথাযথ মিশ্রণের মাধ্যমে FRLS Cable উৎপাদন।



গবেষণার উদ্দেশ্য: ইস্টার্ন কেবলস লি. এর কারখানায় নিজস্ব প্রযুক্তি ও উদ্ভাবনের মাধ্যমে FRLS (Flame Retardant Low Smoke) কেবলস উৎপাদন করা।

গবেষণার যৌক্তিক কারণ: দেশীয় বাজারে প্রাপ্ত বিভিন্ন কেবলস উৎপাদনকারী প্রতিষ্ঠানের অধিকাংশ কেবলস বিদ্যুৎ প্রতিরোধী (FR) নয়। এ ধরনের কেবলস এ বৈদ্যুতিক সর্টসার্কিট বা কোন অগ্নিকান্ড হলে আগুন কেবলস এর মাধ্যমে দ্রুত ছড়িয়ে পড়ে। আগুন ও অত্যাধিক ধোঁয়ার কারণে আগুন নিয়ন্ত্রণে আনা কষ্টসাধ্য হয়। যারফলে প্রাণহানি ও সম্পদের অধিক ক্ষতি হয়ে থাকে। ইস্টার্ন কেবলস লি. এর কারখানায় বর্তমানে বিদ্যুৎ প্রতিরোধী (FR) কেবলস তৈরী করা হচ্ছে। এ কেবলসগুলি আগুন প্রতিরোধী। এতে বৈদ্যুতিক সর্টসার্কিট বা কোন অগ্নিকান্ড হলে আগুনের বিস্তৃতি অধিক হয়না। তবে এতে ধোঁয়ার সৃষ্টি হয়। এতে করে আগুনের বিস্তৃতি কম হলেও ধোঁয়ার কারণে আগুন নিয়ন্ত্রণ কাজে জড়িতদের জান-মাল রক্ষার কাজ করতে বেগপেতে হয়। এতে প্রাণহানি ও সম্পদের ক্ষতির অশঙ্কা থাকে। যথাযথ গবেষণার মাধ্যমে কেবলস উৎপাদনে ব্যবহৃত PVC Compound এর সাথে প্রয়োজনীয় দ্রব্য/রাসায়নিকের যথাযথ মিশ্রণের মাধ্যমে FRLS Cable উৎপাদন করা গেলে বৈদ্যুতিক সর্টসার্কিট বা কোন অগ্নিকান্ড মাধ্যমে সৃষ্ট আগুন নিয়ন্ত্রণ কাজে জড়িতদের জান-মাল রক্ষার কাজ করতে অনেক সহজ হবে। কেননা এ প্রকৃতির কেবলস আগুন প্রতিরোধী এবং কম ধোঁয়া উৎপাদনকারী।

গবেষণার ফলাফল: নিজস্ব প্রযুক্তি ও উদ্ভাবনের মাধ্যমে ইস্টার্ন কেবলস লি. এর কারখানায় বৈদ্যুতিক সর্টসার্কিট বা কোন অগ্নিকান্ড মাধ্যমে সৃষ্ট আগুনের কারণে প্রাণহানি ও সম্পদের ক্ষতির পরিমাণ হ্রাসকরণে সহায়ক FRLS (Flame Retardant Low Smoke) কেবলস উৎপাদন করা সম্ভব হবে।

আনুমানিক ব্যয়: উক্ত গবেষণা কাজে আনুমানিক ৫০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা) ব্যয় হতে পারে।


২০/০২/২২.

 Alam ২০/০২/২২  ২০/০২/২২